BANGLADESH LPG AUTOGAS OWNER'S ASSOCIATION
T.O License No: 21/2021
Reg. No: TO-1026/2021

Bangladesh LPG Autogas Station & Conversion Workshop Owner's Association
House: 2, Block: 2, Pallabi, Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: 02-8033320 | Cell: 01765038390, 01711524712, 01704179247
Email: lpgautogasbd2019@gmail.com, bdlpgautogas19@gmail.com
Website: www.lpgautogasbd.com

তারিখঃ ২৪-০৫-২০২৬ ইং

## নির্বাচন বোর্ড- ২০২৬-২০২৮

### বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ দ্বি-বার্ষিক মেয়াদের নির্বাচনী বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ দ্বি-বার্ষিক মেয়াদের কার্যনির্বাহী কমিটির নির্বাচন আগামী ২৯ আগস্ট, ২০২৬ খ্রি. রোজ শনিবার অনুষ্ঠিত হবে। এতদসংঙ্গে নির্বাচন তফশিল সংযুক্ত করা হলো।

### নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলি ঃ

০১। নির্বাচন সংক্রান্ত সকল কার্যক্রম বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫, বাণিজ্য সংগঠন আইন ২০২২ ও অত্র এসোসিয়েশনের সংঘবিধি অনুযায়ী পরিচালিত হবে।

০২। বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ১৯(৩) ধারা অনুযায়ী নির্বাচন অনুষ্ঠানের ১২০তম দিনের পূর্বে যারা সদস্য হয়েছেন এবং নির্বাচন অনুষ্ঠানের ৬০তম দিবসের পূর্বে যারা এসোসিয়েশনের মেম্বারশিপ ফি সহ সমুদয় বকেয়া পরিশোধ করবেন, শুধুমাত্র তাদের নামই ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে।

০৩। বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ মোতাবেক যে সকল সদস্য নির্বাচন তারিখের কমপক্ষে ৬০ দিন পূর্বে এসোসিয়েশনের বকেয়া চাঁদা পরিশোধ করতে ব্যর্থ হবেন তারা ভোটার তালিকাভুক্ত হতে পারবেন না।

০৪। বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ১৯(৪) ধারা অনুযায়ী আমমোক্তারনামা প্রদানের মাধ্যমে ভোটের মনোনয়ন প্রদান করা যাইবে না।

০৫। বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ১৯(৫) ধারা অনুযায়ী কোনো বাণিজ্য সংগঠনে এক ব্যক্তির মালিকানাধীন একাধিক কোম্পানির TIN বা BIN সমৃদ্ধ প্রতিষ্ঠান থাকিলে তিনি সকল প্রতিষ্ঠানের জন্য ভোটাধিকার প্রাপ্য হইবেন এবং উক্ত ভোট কোনোক্রমেই হস্তান্তরযোগ্য হইবে না। তবে শর্ত থাকে যে, এরূপ ভোটাধিকার প্রাপ্ত ব্যক্তি নির্বাচনে একাধিক পদে প্রার্থী হইতে পারিবেন না।

০৬। বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ১৯(৬) ধারা অনুযায়ী কোনো বাণিজ্য সংগঠনে একাধিক ব্যক্তির মালিকানাধীন একটি প্রতিষ্ঠান থাকিলে মালিকগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে যে-কোনো একজন মালিককে ভোট প্রদানের জন্য লিখিতভাবে মনোনয়ন প্রদান করা যাইবে, তবে উক্ত প্রতিষ্ঠানের কোনো কর্মকর্তা বা কর্মচারী ভোটার হইতে পারিবেন না এবং উক্তরূপ বিধান একাধিক ব্যক্তির মালিকানাধীন একাধিক TIN বা BIN সমৃদ্ধ প্রতিষ্ঠানের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

০৭। বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ দ্বি-বার্ষিক মেয়াদের নির্বাচনে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই পুরণীয়:

(ক) হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের ফটোকপি।



Scanned with OKEN Scanner

BANGLADESH LPG AUTOGAS STATION AND CONVERSION WORKSHOP OWNER'S ASSOCIATION
T.O License No: 21/2021
Reg. No: TO-1026/2021

Bangladesh LPG Autogas Station & Conversion Workshop Owner's Association
House: 2, Block: 2, Pallabi, Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: 02-8033320 | Cell: 01765038390, 01711524712, 01704179247
Email: lpgautogasbd2019@gmail.com, bdlpgautogas19@gmail.com
Website: www.lpgautogasbd.com

(খ) আয়কর প্রত্যয়নপত্র/চালানের কপি/আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র।

(গ) সদ্যতোলা পাসপোর্ট আকারের ছবি-০২ (দুই) কপি।

(ঘ) কোন সদস্য একাধিক প্রতিষ্ঠানের মালিক থাকলে পৃথক পৃথক প্রতিষ্ঠানের এলাকাভিত্তিক হালনাগাদ ট্রেড লাইসেন্স, মনোনীত প্রতিনিধির তথ্যাদি (ফরম সংযুক্ত), প্রতিনিধি প্রেরণের রেজুলেশন/কার্যবিবরণী, প্রতিনিধির নিজস্ব হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র/চালানের কপি/আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র এবং ২ (দুই) কপি সদ্যতোলা পাসপোর্ট আকারের ছবি।

০৮। প্রাথমিক ভোটার তালিকা সম্পর্কে আপত্তি থাকলে উক্ত তালিকা প্রকাশের পর তফশিলে বর্ণিত তারিখের মধ্যে নির্বাচন আপিল বোর্ডের নিকট লিখিত আপত্তি জানাতে হবে। আপত্তির ব্যাপারে আপিল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

০৯। বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৩(১) ধারা অনুযায়ী ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত নাই এরূপ কোনো ব্যক্তি নির্বাচনে প্রার্থী বা তাহার প্রস্তাবকারী বা সমর্থনকারী হইতে পারিবেন না।

১০। মনোনয়ন পত্র বাছাইয়ের সময় প্রার্থী স্বয়ং অথবা প্রস্তাবকারী অথবা সমর্থনকারী উপস্থিত থাকতে পারবেন।

১১। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর থেকে মনোনয়ন ফি প্রদান পূর্বক মনোনয়ন ফরম সংগ্রহ করা যাবে।

১২। নির্বাচন বোর্ড কারো মনোনয়ন পত্র বাতিল করলে প্রার্থীগণের প্রাথমিক তালিকা প্রকাশের পর নির্বাচন তফশিলে বর্ণিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রার্থী আপিল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করতে পারবেন। এ ব্যাপারে আপিল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। ঘোষিত নির্বাচনের ফলাফল সম্পর্কে কোন প্রার্থীর আপত্তি থাকলে প্রাথমিক ফলাফল প্রকাশের পর তফশিলে বর্ণিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রার্থী আপিল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করতে পারবেন। আপিল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে। সংগঠনের দপ্তরে রক্ষিত সদস্য প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত সদস্যদের নমুনা স্বাক্ষরের ভিত্তিতে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হবে। উক্ত পরিচিতি পত্র না থাকলে অথবা স্বাক্ষরে গরমিল হলে ভোট প্রদান করা যাবে না।

১৫। নির্বাচন বোর্ড ব্যালট পত্রের ফরম নির্ধারণ করবে। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে বাণিজ্য সংগঠনের সিল ও নির্বাচন বোর্ডেও চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হবে না।

১৬। নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হবে। প্রত্যেক ভোটার সর্বমোট ২৩ (তেইশ) টি ভোট প্রদান করবেন। কম বা বেশী হলে ভোট বাতিল বলিয়া গণ্য হবে।

১৭। ভোটারের সরাসরি ভোটে ২৩ (তেইশ) জন কার্যনির্বাহী সদস্য নির্বাচিত হবেন।

১৮। ১১ টি জোন থেকে ২২ জন সদস্য (সংশ্লিষ্ট জোনের সভাপতি ও সাধারণ সম্পাদক) পদাধিকার বলে কার্যনির্বাহী সদস্য হিসেবে কেন্দ্রীয় কমিটিতে অন্তর্ভূক্ত হবেন।



Scanned with OKEN Scanner

Bangladesh LPG Autogas Station & Conversion Workshop Owner's Association
House: 2, Block: 2, Pallabi, Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: 02-8033320 | Cell: 01765038390, 01711524712, 01704179247
Email: lpgautogasbd2019@gmail.com, bdlpgautogas19@gmail.com
Website: www.lpgautogasbd.com

১৯। সর্বমোট ৪৫ জন কার্যনির্বাহী সদস্যের মধ্য থেকে ২৩ জন অফিস কর্মকর্তা নির্বাচিত হবেন, যাহা নিম্নরূপ।

(ক) সভাপতি- ১ জন, (খ) সহ-সভাপতি- ৬ জন, (গ) সাধারণ সম্পাদক- ১ জন, (ঘ) যুগ্ম সাধারণ সম্পাদক- ৩ জন, (ঙ) অর্থ সম্পাদক- ১ জন, (চ) যুগ্ম অর্থ সম্পাদক- ১ জন (ছ) সাংগঠনিক সম্পাদক- ১ জন, (জ) যুগ্ম সাংগঠনিক সম্পাদক- ২ জন, (ঝ) অফিস সচিব- ১ জন, (ঞ) যুগ্ম অফিস সচিব- ১ জন, (ট) নির্বাহী সদস্য-৫ জন। সর্বমোট- ২৩ জন।

২০। নির্বাচন সংক্রান্ত যাবতীয় নোটিশ/বিজ্ঞপ্তি এসোসিয়েশনের নোটিশ বোর্ডে দেওয়া হবে।

২১। ১,০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে ভোটার তালিকা সংগ্রহ করা যাবে।

২২। প্রতিটি কার্যনির্বাহী সদস্য পদের প্রার্থী ১০,০০০/- (দশ হাজার) টাকা (অফেরতযোগ্য) প্রদান সাপেক্ষে মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন। মনোনয়নপত্র যথাযথভাবে পূরণ করে নির্ধারিত সময়ে জমা দিতে হবে। উল্লেখ্য মনোনয়ন পত্র দাখিলের সাথে মনোনয়ন ফি পরিশোধের রশিদ (মূল কপি) সংযুক্ত করতে হবে।

২৩। অফিস কর্মকর্তা নির্বাচনের মনোনয়ন পত্র ফি নিম্নরূপ:

(ক) সভাপতি পদে নির্বাচনের মনোনয়ন পত্র ফি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (অফেরতযোগ্য)।

(খ) সহ-সভাপতি পদে নির্বাচনের মনোনয়ন পত্র ফি ২০,০০০/- (বিশ হাজার) টাকা (অফেরতযোগ্য)।

(গ) সাধারণ সম্পাদক পদে নির্বাচনের মনোনয়ন পত্র ফি ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা (অফেরতযোগ্য)।

(ঘ) অন্যান্য পদে (যুগ্ম সাধারণ সম্পাদক, অর্থ সম্পাদক, যুগ্ম অর্থ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, যুগ্ম সাংগঠনিক সম্পাদক, অফিস সচিব এবং যুগ্ম অফিস সচিব) নির্বাচনের মনোনয়ন পত্র ফি ২০,০০০/- (বিশ হাজার) টাকা (অফেরতযোগ্য)।

২৪। মনোনয়ন পত্র জমা দেয়ার সময় মনোনয়ন ফি পরিশোধের রশিদ (মূল কপি) সংযুক্ত করতে হবে।

২৫। বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৬ ধারা অনুযায়ী প্রক্সির মাধ্যমে ভোটদান নিষিদ্ধ- ভোটদানের অধিকারী ব্যক্তিগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়া ভোট প্রদান করিবেন।

| | | |
|---|---|---|
| মোহাম্মদ হেলাল উদ্দিন<br>চেয়ারম্যান, নির্বাচন বোর্ড ২০২৬-২০২৮<br>বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন | মোহাঃ ইসহাকুল হোসেন সুইট<br>সদস্য, নির্বাচন বোর্ড ২০২৬-২০২৮<br>বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন | শেখ মোঃ নাঈম সাহেদ<br>সদস্য, নির্বাচন বোর্ড ২০২৬-২০২৮<br>বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন |



Scanned with OKEN Scanner

BANGLADESH LPG AUTOGAS
STATION AND CONVERSION WORKSHOP
OWNER'S ASSOCIATION
T.O License No: 21/2021
Reg. No: TO-1026/2021

Bangladesh LPG Autogas Station & Conversion Workshop Owner's Association
House: 2, Block: 2, Pallabi, Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: 02-8033320 | Cell: 01765038390, 01711524712, 01704179247
Email: lpgautogasbd2019@gmail.com, bdlpgautogas19@gmail.com
Website: www.lpgautogasbd.com

তারিখঃ ২৪-০৫-২০২৬ ইং

## নির্বাচন বোর্ড- ২০২৬-২০২৮
## বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ দ্বি-বার্ষিক মেয়াদের নির্বাচন তফশিল ঃ

"বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন" এর সম্মানিত সকল সদস্যদেরকে জানানো যাচ্ছে যে, অত্র এসোসিয়েশনের ২০২৬-২৭ ও ২০২৭-২৮ দ্বি-বার্ষিক মেয়াদের কার্যনির্বাহী কমিটির নির্বাচন আগামী ২৯-০৮-২০২৬ খ্রি. রোজ শনিবার, নিম্নবর্ণিত নির্বাচন তফশিল অনুযায়ী অনুষ্ঠিত হবে।

| ক্রঃ নং | বিবরণ | তারিখ, বার ও সময় |
|---|---|---|
| ০১ | নির্বাচন তফশিল ঘোষণা। | ২৪-০৫-২০২৬ রবিবার বেলা ১২:০০ টা |
| ০২ | ভোটার হওয়ার শেষ তারিখঃ ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য সদস্যদের বার্ষিক মেম্বারশীপ ফি ও সকল প্রকার পাওনা পরিশোধের রশিদ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর প্রত্যয়নপত্র/চালান এর কপি/আয়কর রির্টান দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র এবং ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি এসোসিয়েশনের কার্যালয়ে জমা দানের সর্বশেষ তারিখ ৩০ জুন ২০২৬ ইং। (কোন সদস্য একাধিক প্রতিষ্ঠানের মালিক থাকলে পৃথক পৃথক প্রতিষ্ঠানের এলাকাভিত্তিক হালনাগাদ ট্রেড লাইসেন্স, প্রতিনিধি ফরমে পুরণকৃত মনোনীত প্রতিনিধির তথ্যাদি (ফরম সংযুক্ত), প্রতিনিধি প্রেরণের রেজুলেশন/কার্যবিবরনী, প্রতিনিধির নিজস্ব হালনাগাদ আয়কর প্রত্যয়ণপত্র/চালান/আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র, ২ (দুই) কপি সদ্যতোলা পাসপোর্ট আকারের ছবি জমা দিতে হবে)। | ৩০-০৬-২০২৬ মঙ্গলবার, বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ০৩ | প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ (এসোসিয়েশনের নোটিশ বোর্ডে) | ০৯-০৭-২০২৬ বৃহস্পতিবার, বিকাল ৪:০০ টা |
| ০৪ | প্রাথমিক ভোটার তালিকা সংক্রান্ত আপত্তি গ্রহণ (যদি থাকে) | ১৩-০৭-২০২৬ সোমবার, বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ০৫ | প্রাথমিক ভোটার তালিকা সংক্রান্ত আপত্তির শুনানি গ্রহণ (যদি থাকে) | ১৬-০৭-২০২৬ বৃহস্পতিবার, বিকাল ৪:০০ টা |
| ০৬ | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ (এসোসিয়েশনের নোটিশ বোর্ডে) | ১৮-০৭-২০২৬ শনিবার, সকাল ১০:০০টা |
| ০৭ | কার্যনির্বাহী কমিটির সদস্য পদের মনোনয়ন পত্র বিতরণ শুরু। | ১৮-০৭-২০২৬ শনিবার, সকাল ১১:০০টা থেকে |
| ০৮ | কার্যনির্বাহী কমিটির সদস্য পদের মনোনয়ন পত্র সংগ্রহের শেষ তারিখ | ২৩-০৭-২০২৬ বৃহস্পতিবার, বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ০৯ | কার্যনির্বাহী কমিটির সদস্য পদের মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ। | ২৫-০৭-২০২৬ শনিবার, বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ১০ | মনোনয়ন পত্র বাছাই ও বৈধ প্রার্থীর প্রাথমিক তালিকা প্রকাশ (এসোসিয়েশনের নোটিশ বোর্ডে) | ৩০-০৭-২০২৬ বৃহস্পতিবার, বিকাল ৪:০০ টা |
| ১১ | মনোনয়ন পত্র বাতিল সংক্রান্ত আপত্তি গ্রহণ (যদি থাকে) | ০৩-০৮-২০২৬ সোমবার, বিকাল ৪:০০টা পর্যন্ত |
| ১২ | মনোনয়ন পত্র বাতিল সংক্রান্ত আপত্তির শুনানি গ্রহণ (যদি থাকে) | ০৬-০৮-২০২৬ বৃহস্পতিবার, বিকাল ৪:০০টা |
| ১৩ | বৈধ চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ (এসোসিয়েশনের নোটিশ বোর্ডে) | ০৮-০৮-২০২৬ শনিবার, বিকাল ৪:০০টা |
| ১৪ | প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ। | ১১-০৮-২০২৬ মঙ্গলবার, বেলা ১১:০০টা পর্যন্ত |
| ১৫ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ (এসোসিয়েশনের নোটিশ বোর্ডে) | ১১-০৮-২০২৬ মঙ্গলবার, বিকাল ৪:০০টা |



Scanned with OKEN Scanner

BANGLADESH LPG AUTOGAS
STATION AND CONVERSION WORKSHOP
OWNER'S ASSOCIATION
T.O License No: 21/2021
Reg. No: TO-1026/2021

Bangladesh LPG Autogas Station & Conversion Workshop Owner's Association
House: 2, Block: 2, Pallabi, Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: 02-8033320 | Cell: 01765038390, 01711524712, 01704179247
Email: lpgautogasbd2019@gmail.com, bdlpgautogas19@gmail.com
Website: www.lpgautogasbd.com

| | | |
|---|---|---|
| ১৬ | কার্যনির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠান। | ২৯-০৮-২০২৬ শনিবার, বিরতিহীনভাবে সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত। |
| ১৭ | ফলাফল ঘোষণার তারিখ। | ২৯-০৮-২০২৬ শনিবার, ভোট গণনা শেষে। |
| ১৮ | নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে সংক্রান্ত আপত্তি গ্রহণের শেষ দিন (যদি থাকে) | ৩০-০৯-২০২৬ রবিবার, সকাল ১০:০০টা পর্যন্ত |
| ১৯ | নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে সংক্রান্ত আপিল নিস্পত্তি (যদি থাকে) এবং চূড়ান্ত ফলাফল ঘোষণা। | ০১-০৯-২০২৬ মঙ্গলবার, সকাল ১০:০০টা |
| ১৮ | নির্বাচন ফলাফল সম্পর্কে আপিল গ্রহণের শেষ দিন (যদি থাকে)। | ০১-০৯-২০২৬ মঙ্গলবার, সকাল ১০:০০টা পর্যন্ত |
| ১৯ | নির্বাচন আপিল বোর্ড কর্তৃক নির্বাচনের ফলাফল সম্পর্কে আপিল নিস্পত্তি ও চূড়ান্ত ফলাফল ঘোষণা। | ০৩-০৯-২০২৬ বৃহস্পতিবার, সকাল ১০:০০টা |
| ২০ | সভাপতি ও অন্যান্য কর্মকর্তার নির্বাচনের মনোনয়ন পত্র সংগ্রহ দাখিলের তারিখ। | ০৩-০৯-২০২৬ বৃহস্পতিবার, সকাল ১০:০০টা থেকে ৪:০০ টা পর্যন্ত |
| ২১ | নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্যগণের ভোটে সভাপতি ও অন্যান্য কর্মকর্তা নির্বাচন। | ০৫-০৯-২০২৬ শনিবার সকাল ১০:০০ টা থেকে দুপুর ২:০০ টা পর্যন্ত |
| ২২ | নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্যগণের ভোটে সভাপতি ও অন্যান্য কর্মকর্তা নির্বাচনের প্রাথমিক ফলাফল প্রকাশ। | ০৫-০৯-২০২৬ শনিবার বিকাল ৪:০০ টা |
| ২৩ | কর্মকর্তা নির্বাচনের ফলাফল সম্পর্কে আপিল গ্রহণের শেষ দিন (যদি থাকে)। | ০৬-০৯-২০২৬ রবিবার বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ২৪ | নির্বাচন আপিল বোর্ড কর্তৃক নির্বাচনের ফলাফল সম্পর্কে আপিল নিস্পত্তি। | ০৯-০৯-২০২৬ বুধবার সকাল ১০:০০ টা |
| ২৫ | নির্বাচন বোর্ড কর্তৃক কর্মকর্তা নির্বাচনের চূড়ান্ত ফলাফল ঘোষণা | ০৯-০৯-২০২৬ বুধবার দুপুর ১২:০০ টা |

**বি. দ্রঃ**

(ক) নির্বাচন সংক্রান্ত তথ্যাবলি ও নির্বাচন আচরণ বিধি ০১ (এক) কপি অত্র তফশিলের সাথে প্রেরণ করা হলো।

(খ) নির্বাচন সংক্রান্ত যে-কোনো বিষয়ে এসোসিয়েশনের কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(গ) নির্বাচন তফশিলে বর্ণিত কোন কার্যক্রমের দিন সরকার কর্তৃক ঘোষিত ছুটি থাকলে তা পরবর্তী দিন তফশিলের কার্যদিবস বলে গণ্য হবে।

মোহাম্মদ হেলাল উদ্দিন
চেয়ারম্যান, নির্বাচন বোর্ড ২০২৬-২০২৮
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন

মোহাঃ ইসহাকুল হোসেন সুইট
সদস্য, নির্বাচন বোর্ড ২০২৬-২০২৮
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন

শেখ মোঃ নাঈম সাহেদ
সদস্য, নির্বাচন বোর্ড ২০২৬-২০২৮
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন



Scanned with OKEN Scanner

BANGLADESH
LPG AUTOGAS
STATION AND CONVERSION WORKSHOP
OWNER'S ASSOCIATION
T.O License No: 21/2021
Reg. No: TO-1026/2021

Bangladesh LPG Autogas Station & Conversion Workshop Owner's Association
House: 2, Block: 2, Pallabi, Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: 02-8033320 | Cell: 01765038390, 01711524712, 01704179247
Email: lpgautogasbd2019@gmail.com, bdlpgautogas19@gmail.com
Website: www.lpgautogasbd.com

তারিখঃ ২৪-০৫-২০২৬ ইং

# নির্বাচন বোর্ড- ২০২৬-২০২৮

## বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ দ্বি-বার্ষিক মেয়াদের নির্বাচন সংক্রান্ত আচরণ বিধি ঃ

০১। নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ড বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ ও বাণিজ্য সংগঠন আইন ২০২২ এর বিধান অনুযায়ী নির্বাচনের সকল কার্যক্রম পরিচালনা করবেন। পরিচালনা পরিষদ নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে হস্তক্ষেপ করতে পারবেন না।

০২। নির্বাচন বোর্ড বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২০(২) ধারা অনুযায়ী সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করিবার উদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক নির্বাচনি কর্মকর্তা নিযুক্ত করিয়া নির্বাচন পরিচালনা করিবেন। ২০(৩) ধারা অনুযায়ী সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠনের বিদ্যমান নির্বাহী কমিটি বা, ক্ষেত্রমত, পরিচালনা পরিষদের কোনো সদস্য বা নির্বাচনের কোনো প্রার্থী বা প্রার্থীর মনোনয়ন পত্রের মনোনয়নকারী বা সমর্থনকারী নির্বাচন বোর্ড বা নির্বাচন আপিল বোর্ডের চেয়ারম্যান বা সদস্য হইতে পারিবেন না।

০৩। নির্বাচন তফশিল জারি করার পর হতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণ বিধি প্রযোজ্য হবে, যা লাংঘিত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তার প্রার্থীপদ বাতিল করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে,

(ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোস্টার, চিকা, অথবা ব্যানার ব্যবহার করা যাবে না।

(খ) মিছিল করা অথবা স্লোগান দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।

(গ) ভোটারদের নিকট কেবল মাত্র সাদাকালো (A4 Size) এর প্রচারপত্র প্রেরণ করা যাবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাবে না।

(ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরাঁ বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনি ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশগ্রহণ করতে পারবেন না।

(ঙ) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে গ্রুপ ভিত্তিক বা একত্রে সকল প্রার্থীর পরিচিতি সভার আয়োজন করা যাবে।

(চ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘণ্টা পূর্ব হতে সকল প্রকার নির্বাচনি প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

(ছ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোস্টার বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

০৪। নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় সকল প্রার্থীদের নিয়ে প্রার্থী পরিচিতি সভা অনুষ্ঠান আয়োজন করা যাবে। প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করতে পারবে। ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য করতে পারবেন।

০৫। এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লজ্ঘিত হলে অথবা এ বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকলে সংশ্লিষ্ট পক্ষ আপিল বোর্ডের নিকট সাথে সাথে আপিল দায়ের করবে। উপদফা (৩) এ বর্ণিত আচরণ বিধি লঙ্ঘন সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির অন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে আপিল বোর্ডের সভা অনুষ্ঠিত হবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময় আচরণ বিধি সংক্রান্ত এরূপ অভিযোগ নিষ্পত্তির জন্য আপিল বোর্ড নির্বাচন চলাকালীন সময়ে ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকবে। আপিল বোর্ডের সভায় শুনানি গ্রহণ করা হবে। এই শুনানির বিষয়ে যাবতীয় নোটিশ সংশ্লিষ্ট পক্ষসমূহকে বিশেষ



Scanned with OKEN Scanner

বিজ্ঞপ্তি/ঘোষণা মারফত অবহিত করা হবে। নোটিশ বোর্ডে এ বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি একমাত্র বৈধ নোটিশ বলে গণ্য হবে। শুনানি গ্রহণ শেষে আপিল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৬। নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রণ করবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচনি প্রার্থী এবং কেবল মাত্র ভোট দানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকবে না।

০৭। ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে এক সঙ্গে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকবে। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালট পত্র নেয়া যাবে না।

০৮। ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন। এ আদেশের বিধান লঙ্ঘন অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হতে বহিষ্কার করতে পারবে।

০৯। কোন প্রার্থী, ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করতে পারবেন এবং কেবল মাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণপূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করতে পারবেন।

১০। কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হতে পারবেন না।

১১। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নয় কিংবা জাল ভোট দান কিংবা ইতোমধ্যে ভোট দিয়েছেন, এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণ বিধি লঙ্ঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করতে পারবেন। নির্বাচন বোর্ড এরূপ দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। নির্বাচন বোর্ড কিংবা নির্বাচন কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে বিধান অনুসরণপূর্বক তার প্রার্থীতা বাতিল করা যাবে।

১৩। পরিচয় পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক সংগঠনের দপ্তরে রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতভাবে পূরণকৃত: ব্যালটের প্রথম অংশে উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর ও সীলসহ যথাযথভাবে পূরণকৃত: ব্যালট পত্রের অপর অংশটি সংশ্লিষ্ট ভোটারকে প্রদান করবেন এবং চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নাম এর বিপরীতে ব্যালট পত্র নম্বর লিপিবদ্ধ করে ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একাধিক ব্যালট পত্র প্রদান করা যাবে না।

১৪। শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার সাহায্যকারী ব্যতীত ভোটদানের অপরাগ হলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করবেন।

১৫। ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড নির্বাচন প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করে শূন্যতার নিশ্চয়তার বিধানপূর্বক ব্যালট বাক্সটি বন্ধ ও সীল করবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করবেন।

১৬। একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে কোন গ্রুপের সংরক্ষিত আসনে নির্বাচনের জন্য একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাবে না। একটি ব্যালট বাক্স পূর্ণ হলে আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডেও চেয়ারম্যানের নিকট ব্যবহারে অনুপযোগী প্রতীয়মান হলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাক্সটি সিল করে নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করত উহার স্থলে অপর একটি শূন্য ও সিলকৃত ব্যালট বাক্সে ভোট গ্রহণ করবেন।

১৭। ভোট গ্রহণের বিরতিকালে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক কেবল মাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হলে ব্যালট বাক্স সিল করে নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকবে।



Scanned with OKEN Scanner

BANGLADESH LPG AUTOGAS STATION AND CONVERSION WORKSHOP OWNER'S ASSOCIATION
T.O License No: 21/2021
Reg. No: TO-1026/2021

Bangladesh LPG Autogas Station & Conversion Workshop Owner's Association
House: 2, Block: 2, Pallabi, Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: 02-8033320 | Cell: 01765038390, 01711524712, 01704179247
Email: lpgautogasbd2019@gmail.com, bdlpgautogas19@gmail.com
Website: www.lpgautogasbd.com

১৮। নির্বচনি তফশিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

১৯। ভোট প্রদান সমাপ্ত হলে ভোট গ্রহণ বন্ধ করা হবে। অতঃপর ভোট গণনা শুরু হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলতে থাকবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকতে পারবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন।

২০। নির্বাচন বোর্ড ভোট গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হতে ব্যালট পত্র বাহির করে প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করত ভোট গণনা শুরু করবে।

২১। নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সিল না থাকলে ব্যালট পত্র বাতিল বলে গণ্য হবে।

২২। নির্ধারিত সংখ্যার পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হলে ব্যালট পত্র বাতিল বলে গণ্য হবে।

২৩। কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রের নির্দেশাবলি লঙ্ঘন করে পূরণকৃত ব্যালট পত্র বাতিল বলে গণ্য হবে। নির্বাচন বোর্ড উক্ত বাতিলকৃত ব্যালট পত্র বাতিল করে উহার সংখ্যা লিপিবদ্ধ করবেন।

২৪। নির্বাচন বোর্ড বৈধ ব্যালট পত্রসমূহ হতে প্রত্যেক প্রার্থীর পক্ষে প্রদত্ত ভোট গণনা করে লিপিবদ্ধ করবেন। এই ভোট গণনায় নির্বাচন বোর্ড ও নির্বাচনি কর্মকর্তা ব্যতীত অন্য কেউ অংশগ্রহণ করতে পারবে না।

২৫। নির্বাচন বোর্ড ভোট গ্রহণ ও গণনা শেষে নির্বাচনের ফলাফল ঘোষণা ও প্রকাশ করবে। অতঃপর নথিপত্রসমূহ পৃথকভাবে সিল্ড স্বাক্ষরসহ বান্ডিল করে নির্বাচন বোর্ড ও নির্বাচন আপিল বোর্ডেও যৌথ তত্ত্বাবধানে বিশেষ হেফাজতে সংরক্ষণ করবে, যথাঃ

(ক) ব্যবহৃত ব্যালট পত্র (ক্রমিক নং সংখ্যা উল্লেখ করতে হবে)।

(খ) বৈধ ব্যালট পত্র (সংখ্যা উল্লেখ করতে হবে)।

(গ) বাতিল ঘোষিত ব্যালট পত্র (সংখ্যা উল্লেখ করতে হবে)।

(ঘ) ব্যালট বইয়ের সাথে সংযুক্ত ব্যালট পত্রের প্রথম অংশে (ক্রমিক নং সংখ্যা উল্লেখ করতে হবে)।

(ঙ) গণনাকারী ও নির্বাচন বোর্ড কর্তৃক স্বাক্ষরিত ভোট গণনা পত্রসমূহ।

২৬। সংরক্ষিত উপর্যুক্ত নথিপত্র সমূহ কেবল মাত্র সংশ্লিষ্ট প্রার্থীর অথবা প্রার্থীবৃন্দের উপস্থিতিতে নির্বাচন আপিল বোর্ড, এফবিসিসিআই আর্বিট্রেশন ট্রাইব্যুনাল, সরকার অথবা মাননীয় আদালতের নির্দেশ মোতাবেক পরীক্ষার উদ্দেশ্যে বান্ডিলযুক্ত করা যাবে।

মোহাম্মদ হেলাল উদ্দিন
চেয়ারম্যান, নির্বাচন বোর্ড ২০২৬-২০২৮
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন

মোহাঃ ইসহাকুল হোসেন সুইট
সদস্য, নির্বাচন বোর্ড ২০২৬-২০২৮
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন

শেখ মোঃ নাঈম সাহেদ
সদস্য, নির্বাচন বোর্ড ২০২৬-২০২৮
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন



Scanned with OKEN Scanner